**ALL INDIA RADIO, SILCHAR**

*****************

**<u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>**

**Date: - 22-05-2024**

***Time: 19:45-19:55 Hrs***

**---------------------------------------**

লোকসভা নির্বাচনের পরবর্তী দুটি পর্যায়ের জন্য প্রচার অভিযান তুংগে উঠেছে । ষষ্ঠ পর্যায়ের লোকসভা নির্বাচনের প্রচার অভিযান আগামীকাল সমাপ্ত হবে । বিজেপির প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরপ্রদেশে ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পশ্চিমবংগে প্রচারে অংশ গ্রহণ করেন ।আজ বিকেলে শ্রী মোদী পশ্চিম দিল্লীর দ্বারকায় নির্বাচনী জনসমাবেশে অংশ গ্রহণ করেন ।এদিকে বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা আজ পশ্চিমবংগে প্রচার চালান ।আজ শ্রী নাড্ডা উত্তর চব্বিশ পরগনা থেকে নির্বাচনী প্রচারের সূচণা করেন ।এরপর তিনি হাওরা জেলার শিমুলপুর খেলারমাঠে আয়োজিত এক জনসভায় ভাষন দেন ।তিনি কলকাতা উত্তরএ আরেকটি জনসভায় অংশ নেওয়া সহ বিকেলে হুগলীতে একটি জনসভায় অংশ নেন ।দলের নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ও আজ পশ্চিমবংগে প্রচার চালান । দলের নেতা তথা আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা আজ ঝারখন্ডে প্রচার অভিযানে অংশ নেন । অন্যদিকে কংগ্রেস দলের নেত্রী প্রিয়াংকা গান্ধী আজ ঝাড়খন্ডের গোদ্দায় নির্বাচনী সমাবেশে অংশ নেন ।দলের সভাপতি মল্লিকাজুন খাড়গে ও রাহুল গান্ধী আজ দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার চালান ।

---------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা ও কংগ্রেসের সভাপতি মল্লিকাজুন খাড়গেকে দল দুটির তারকা প্রচারকদের নির্বাচনী আচরণবিধি লংঘন সম্পর্কিত মন্তব্য করা থেকে বিরত থাকার জন্য সতর্ক করে দিতে নির্দেশ জারি করেছে । উভয় নেতাকে প্রেরণ করা এক পত্রে কমিশন বলেছে যে কোনো দল বা প্রার্থী সাম্প্রদায়িক বিবাদ সৃষ্টিকারী অথবা অপ্রীতিকর পরিস্থিতি সৃষ্টি করার আশংকা থাকার মতো মন্তব্য করতে পারবেন না ।কমিশন শ্রী নাড্ডাকে তার দলের তারকা প্রচারকদের সমাজে ভাঙন সৃষ্টিকারী বক্তব্য প্রদান থেকে বিরত থাকার জন্য সতর্ক করে দিতে নির্দেশ দিয়েছে ।এছাড়া ক্ষমতাসীন বিজেপিকে নির্বাচনী প্রচারের নীতি নিয়ম অনুসরণ করে প্রচার চালানো সহ ভারতবর্ষের সংপৃক্ত ও স্পর্শকাতর জন বিন্যাসের দিকে লক্ষ্য রাখতে নির্দেশ দিয়েছে । একইভাবে কংগ্রেস দলের তারকা প্রচারকরা ভারতের সংবিধান সম্পর্কে আপত্তিজনক মন্তব্য না করতে নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------------

সপ্তম পর্যায়ে আগামী পয়লা জুন দেশের ৮ টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ৫৭ টি সংসদীয় আসনের জন্য ভোটগ্রহণ করা হবে । এই পর্যায়ে মোট ৯০৪ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।নির্বাচন কমিশনের প্রকাশ করা তথ্য অনুযায়ী এই পর্যায়ের জন্য দুহাজার ১০৫ জন প্রার্থী মনোনয়ন দাখিল করেছিলেন ।সপ্তম তথা অন্তিম পর্যায়ে উত্তরপ্রদেশ ও পাঞ্জাবে ১৩ টি করে আসন সহ পশ্চিমবংগে ৯ টি , বিহারে ৮ টি ওড়িষ্যায় ৬ টি , হিমাচল প্রদেশের ৪ টি ঝারখণ্ড এ ৩ টি ও কেন্দ্রীয় শাসিত অঞ্চল চন্ডীগড়ে একটি আসনের জন্য ভৌটগ্রহণ করা হবে ।আগামী চৌঠা জুন ভোটগননা অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু একাদশ শ্রেণীতে ভর্তির পঞ্জীয়নের জন্য আগামী পয়লা জুন থেকে ‘দর্পণ’ পোর্টাল খুলে দেওয়া হবে বলে ঘোষণা করেছেন । তিনি বলেন যে- যেসব শিক্ষার্থী পূর্বে ‘দর্পণ’এ নিজের নাম পঞ্জীয়ন করতে পারেনি, তারা আগামী পয়লা জুন থেকে নিজেদের নাম পঞ্জীয়ন করতে পারবে। ডাঃ পেগু আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের

'দর্পণ' পোর্টালে এইবার মোট তিনলক্ষ ১৬ হাজার ৫২৯ জন শিক্ষার্থী নাম পঞ্জীয়ন করেছে বলে তথ্য তুলে ধরেছেন ।

এদিকেজাতীয় উচ্চশিক্ষা স্তরের শিক্ষক পুরস্কারের মনোনয়নের জন্য উচ্চশিক্ষা সচিব সঞ্জয় মূর্তি গতকাল একটি পোর্টাল চালু করেন । দেশের কারিগরি এবং অ-কারিগরি উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ও পলিটেকনিক প্রতিষ্ঠানগুলির শিক্ষক-শিক্ষিকাদের এই পুরস্কার প্রদান করা হয় । রাজ্যের শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে যে- মনোনীত হওয়া পুরস্কার প্রাপকদের প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণনের জন্মজয়ন্তীতে অথ্রাৎ আগামী পাঁচই সেপ্টেম্বর শিক্ষক দিবসের দিনে এই পুরস্কার প্রদান করা হবে । শিক্ষা মন্ত্রণালয় থেকে আরো জানানো হয়েছে যে- এই পুরস্কারের জন্য নাম মনোনয়ন করার জন্য স্নাতক ও স্নাতকোত্তর স্তরে কমপক্ষে পাঁচ বছর পূর্ণকালীন শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে । নাম মনোনয়নের অন্তিম দিন আগামী ২০শে জুন ধার্য করা হয়েছে ।

---

খাদ্য সুরক্ষা বিভাগ আজ গৌহাটীর ফেন্সিবাজারে কার্বাইডযুক্ত ফলের বিরুদ্ধে অভিযান চালায় । প্রবীন খাদ্য সুরক্ষা আধিকারিকের নেতৃত্বে একটি দল কৃত্রিমভাবে পাকানো আমের গুনাগুন পরীক্ষা করার জন্য ফেন্সি বাজারের প্রায় প্রতিটি ফলের দোকানে অভিযান চালায় ।এই অভিযানে কার্বাইড ব্যবহার করা প্রায় এক কুইন্টেল আম দলটি নষ্ট করে ।এছাড়া দলটি বিক্রী করা আমের নমুনা সংগ্রহ করে কার্বাইডের উপস্থিতি পরীক্ষার জন্য পরীক্ষাগারে প্রেরণ করেছে । এ সম্পর্কে রাজ্য নডেল আধিকারিক অনিল শর্মা জানিয়েছেন যে কার্বাইড পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে পরবর্তী পর্যায়ে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে ।

---

করিমগঞ্জ জেলার বাটইয়া বাজারের আসাম-ত্রিপুরা আট নম্বর জাতীয় সড়কে আজ সকালে এক সড়ক দুর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে । একটি ডাম্পারের সঙ্গে একটি বাইকের সংঘর্ষে ঘটনাস্থলে এক যুবকের মৃত্যু হয়েছে । দুর্ঘটনার আসাম-ত্রিপুরা জাতীয় সড়কটি অবরোধ করে স্থানীয় জনতা বিক্ষোভ প্রদর্শন

করেন । তিন ঘণ্টা অবরোধের পর করিমগঞ্জের জেলা প্রশাসনের তৎপরতায় বাটইয়ার পরিস্থিতি স্বাভাবিক হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

-------------------------------------------------------------------------------

এদিকে আসাম পুলিশের করিমগঞ্জ জোনিটিলা ছাউনিতে গতরাত্রে গলায় আঘাতের চিহ্ন সহ গুরুতর অবস্থায় এক জওয়ানকে উদ্ধার করা হয়েছে । মুমুর্ষু অবস্থায় জওয়ানটিকে উদ্ধার করে তার সঙ্গী অন্যান্য জওয়ানরা তাকে করিমগঞ্জ সিভিল হাসপাতালে নিয়ে ভর্তি করান। পরে তার অবস্থা সঙ্কটজনক থাকায় শিলচর মেডিকেল কলেজে পাঠানো হয় । এই ঘটনার পেছনের কারণ এখনো জানা যায়নি ।

-------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার লালা থানার অর্ন্তগত আয়নাখালে আজ সকাল ১০টা নাগাদ এক সড়ক দূর্ঘটনায় প্রায় ৩৪ জন যাত্রী আহত হয়েছেন । এদের মধ্যে ১৬ জনের অবস্থা সংকট জনক থাকায় এদেরকে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে । বাকী আহত ১৮ জনের চিকিৎসা এস কে রায় সিভিল হাসপাতালে করা হচ্ছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে রামকৃষ্ণনগর থেকে হাইলাকান্দি অভিমূখে আসা এ এস ২৪সি-৫৩৯৯ নম্বরের বাসটি নিয়ন্ত্রন হারিয়ে আয়নাখাল এলাকা একটি গাছে গিয়ে সজোড়ে থাক্কা মারার ফলে এই দূর্ঘটনা সংগঠিত হয়েছে ।

-------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার ছাত্রছাত্রীদের স্নাতক স্তরে ভর্তির জন্য সি ইউ ই টি পরীক্ষার বাংলা ও পরিবেশ বিজ্ঞানের পরীক্ষা কেন্দ্র বরাক উপত্যকার বাইরে দেওয়ার বিষয়টি নিয়ে গতকাল শিলচরে প্রাক্তন উপাচার্য তপোধীর ভট্টাচার্যের পৌরহিত্যে বিভিন্ন স্তরের অরাজনৈতিক সংগঠন ও সুশীল সমাজের প্রতিনিধিদের নিয়ে অনুষ্ঠিত বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আজ চার সদস্যের এক প্রতিনিধি দল আসাম বিশ্ববিদ্যালয়ে যান । উপাচার্যের অনুপস্থিতিতে প্রতিনিধি দলটি বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক প্রদোষ কিরণ নাথের সঙ্গে দেখা করে স্নাতক স্তরে ভর্তি সংক্রান্ত বিষয় নিয়ে জনসাধারণের ক্ষোভের কথা তুলে ধরেন । তারা সব শিক্ষার্থীদের পুরনো ব্যবস্থায় ভর্তির ব্যবস্থা করে দেবার দাবি

জানিয়েছেন । এবং এ সংক্রান্ত একটি স্মারক পত্র শ্রী নাথের হাতে তুলে দেন । এই দাবির জবাবে আসাম বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক জানান যে- বিষয়টি নিয়ে রাজ্যের উচ্চশিক্ষা দপ্তরের সঞ্চালক এবং আসাম বিশ্ববিদ্যালয়ের আওতাধীন কলেজগুলির অধ্যক্ষদের মধ্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । আগামীতে সবগুলো কলেজের আশি শতাংশ আসনে সাধারণভাবে ভর্তির ব্যবস্থা করার বিষয়ে বিশ্ববিদ্যালয় উদ্যোগ নিয়েছে বলেও তিনি জানান । তবে এক্ষেত্রে রাজ্যের উচ্চশিক্ষা দপ্তর থেকে এই মর্মে বিজ্ঞপ্তি জারি করতে হবে বলে তিনি উল্লেখ করেন । তারপরেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় প্রশাসনিক উদ্যোগ নেবে । প্রতিনিধি দলে প্রাক্তন পুরপতি তমাল বণিক, বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক গৌতম প্রসাদ দত্ত, ভাষা আইন সুরক্ষা সমিতির হিল্লোল ভট্টাচার্য ও ফোরাম ফর সোশ্যাল হারমনির পক্ষ থেকে অরিন্দম দেব উপস্থিত ছিলেন । আলোচনাকালে আসাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক সুপ্রবীর দত্তরায়ও উপস্থিত ছিলেন । এক প্রেস বার্তায় এখবর জানানো হয়েছে ।

---

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে কালীগঞ্জ পুলিশ ফাঁড়ির অর্ন্তগত দেবকুরী গ্রামে একটি যাত্রীবাহী গাড়িতে অভিযান চালিয়ে ২৫টি সাবানের বাক্স থেকে ৩০০ গ্রাম হেরোইন  বাজেয়াপ্ত করেছে । অতিরিক্ত আয়ুক্ত প্রতাপ দাসের নেতৃত্বে চালানো অভিযানে বুরহান উদ্দিন এবং লরী চালক আব্দুল মতিন নামের দু জন ব্যাক্তিকে  আটক করা হয়েছে । উদ্ধার হওয়া হেরোইনের বাজার মূল্য প্রায় এক কোটী টাকা হবে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে ।

---